

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২১৮

8/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/৯. তাকবীরে তাহরীমা বলার সময়, রুকূতে যাওয়ার সময় এবং রুকূ থেকে মাথা উত্তোলনের সময় দু হাত কাঁধ বরাবর উঠানো মুস্তাহাব এবং সিজদা থেকে উঠার সময় হাত উঠাতে হবে না

استحباب رفع اليدين حذو المنكبين مع تكبيرة الإحرام والركوع وفي الرفع من الركوع وأنه لا يفعله إذا رفع من السجود

আরবী

حَدِيْثُ مَالِكَ بْنَ الْحُوَيْرِثِ إِذَا صِلَّى كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ وَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ وَإِذَا رَفَعَ يَدَيْهِ وَإِذَا رَفَعَ يَدَيْهِ وَإِذَا رَفَعَ يَدَيْهِ وَإِذَا رَفَعَ يَدَيْهِ وَصَدَّتَ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صنَعَ هَكَذَا

বাংলা

২১৮. আবূ কিলাবাহ (রহঃ) হতে বর্ণিত, তিনি মালিক ইবনু হুওয়ায়রিস (রাযি.)-কে দেখেছেন, তিনি যখন সালাত আদায় করতেন তখন তাকবীর বলতেন এবং তাঁর দু' হাত উঠাতেন। আর যখন রুকু' করার ইচ্ছে করতেন তখনও তাঁর উভয় হাত উঠাতেন, আবার যখন রুকু' হতে মাথা উঠাতেন তখনও তাঁর উভয় হাত উঠাতেন এবং তিনি বর্ণনা করেন যে, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ করেছেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ৮৪, হাঃ ৭৩৭; মুসলিম, পর্ব ৪ : সনাত, অধ্যায় ৯, হাঃ ৩৯১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু কিলাবাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন